

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

[www.caab.gov.bd](http://www.caab.gov.bd)



নং-৩০.৩১.০০০০.২০১.২২.০০১.১৯- ৮০৬৩

তারিখ: ৪/০৩/২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচী পালন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কর্তৃপক্ষের সদর দপ্তর, সকল ইউনিট ও সকল বিমানবন্দরের বিভিন্ন কর্মসূচী পালনের সিদ্ধান্ত রয়েছে। ঢাকার বাহিরের বিমানবন্দরের জন্য প্রযোজ্য কার্যক্রম নিম্নরূপঃ

১। সেবা সপ্তাহ পালনঃ- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আগামী ১৭ই মার্চ হতে ২৩শে মার্চ প্রথম সেবা সপ্তাহ ও ১১ মার্চ ২০২১ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত ২য় সেবা সপ্তাহ পালন করা হবে। একইভাবে ঢাকার বাহিরের বিমানবন্দরসমূহে সেবা সপ্তাহ পালন করতে হবে।

২। বেবিচক'র অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সকল শ্রেণিতে মেধাভিত্তিক বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদানঃ ঢাকাস্থ সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ,তেজগাঁও,সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, কুর্মিটোলা ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর,সিলেট,যশোর,শাহ মখদুম বিমানবন্দর,রাজশাহীর বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষা বৃত্তি” প্রদানের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার প্রেক্ষিতে আগামী ১৫-০৩-২০২০ তারিখের মধ্যে প্রাথমিক/মাধ্যমিক পর্যায়ে অসচ্ছল ও মেধাবী ছাত্র/ছাত্রীদের মনোনীত করার জন্য অনুরোধ করা হয়েছে। মনোনয়নের কার্যক্রম নিধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।


৩। বঙ্গবন্ধুর জন্ম শত বার্ষিকী উপলক্ষ্যে বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস ভিত্তিক চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা আয়োজনঃ- প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত “চিত্রাঙ্কন প্রতিযোগিতা”, ৬ষ্ঠ থেকে ৮ম “বঙ্গবন্ধুর ছেলেবেলা” এবং ৯ম থেকে ১০ম পর্যন্ত “বঙ্গবন্ধু ও স্বাধীনতা” শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

৪। বিমানবন্দর সমূহের ভিতরে এবং বাইরে পরিষ্কার-পরিচ্ছন্ন করণ এবং সৌন্দর্যবর্ধনঃ সকল বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জসহ সকল জায়গায় সৌন্দর্যবর্ধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫। বঙ্গবন্ধুর উপর তথ্যচিত্র এবং অত্র কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ও বিভিন্ন অর্জন ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শনঃ বঙ্গবন্ধুর উপর নির্মিতব্য তথ্যচিত্র এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে “Bangladesh Marches Ahead” শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে আগামী ১৭ই মার্চ, ২৩মার্চ, ২৬-মার্চ, ১৭ এপ্রিল, ১৫ আগষ্ট, ১৬ ডিসেম্বর ২০২০ এবং ১০ জানুয়ারি, ২১শে ফেব্রুয়ারি, ৭মার্চ, ১৭ মার্চ, ২০২১ তারিখ সকল বিমানবন্দরে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে বিমানবন্দরসহ কর্তৃপক্ষের বিভিন্ন ইউনিট/দপ্তরে প্রদর্শনের নিমিত্ত ২(দুই) মিনিট এর ভিডিও ক্লিপ প্রদর্শনের নিমিত্ত তৈরী করা হয়েছে। আগামী ৬-৭ মার্চ ২০২০ হতে উক্ত ভিডিও ক্লিপ প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। জন্ম শতবার্ষিকী উদ্বোধনের দিনের কর্মসূচিঃ সিএএবি এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের বঙ্গবন্ধুর লোগো সঞ্চলিত টি-শার্ট ও ক্যাপ পরিধান করতে হবে। যা যথা সময়ে সিএএবি সদর দপ্তর থেকে ক্যাপ ও টি-শার্ট প্রেরণ করা হবে।

৭। বিমানবন্দর সমূহের বোর্ডিংব্রিজে মুজিববর্ষের লোগো দিয়ে সু-সজ্জিত করণঃ- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমান বন্দরের বোর্ডিংব্রিজে বঙ্গবন্ধুর ছবি ও মুজিববর্ষের লোগো সঞ্চলিত বোর্ড দিয়ে সু-সজ্জিত করতে হবে।

  
(মোঃ জহিরুল ইসলাম)  
পরিচালক (প্রশাসন)  
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

বিতরণ :

০১। বিমানবন্দর ব্যবস্থাপক-----।

অনুলিপিঃ

০১। সদস্য(সকল)-----সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

০২। পরিচালক,যোগাযোগ,সিএএবি,কুর্মিটোলা,ঢাকা(কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।